স্বপনলোকের বিদেশিনী কে যেন এলে কে
কোন্ ভুলে যাওয়া বসন্ত থেকে ॥
যা-কিছু সব গেছ ফেলে খুঁজতে এলে হৃদয়ে,
পথ চিনেছ চেনা ফুলের চিহ্ন দেখে ॥
বুঝি মনে তোমার আছে আশা
কার হৃদয়ব্যথায় মিলবে বাসা।
দেখতে এলে করুণ বীণা— বাজে কিনা হৃদয়ে,
তারগুলি তার কাঁপে কিনা— যায় কি সে ডেকে ॥

---

Parjaay: Prem O Prakriti, Taal: Dadra, Raag: Iman-Purvi
Visit www.geetabitan.com for notation and other detail